

## প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক দ্বিতীয় আমন্ত্রণাত্মক সম্মেলন ১৫-১৭ মে ঢাকায়

ঢাকা, ১৮ মার্চ ২০১৮

আগামী ১৫-১৭ মে বাংলাদেশে প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক দ্বিতীয় আমন্ত্রণাত্মক সম্মেলন সম্মেলন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মেলন উদ্বোধন করবেন। এ উপলক্ষে প্রস্তুতি কমিটির অগ্রগতি সভা আজ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রীর সভাপতিত্বে সভায় সচিব মোঃ শাহ্ কামালসহ বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।



সম্মেলনে জানানো হয়, দুর্যোগে প্রতিবন্ধিরা সবচে' ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকে। তাদের প্রতি বিশেষ দৃষ্টি ফেরাতে এবং প্রতিবন্ধিদের নিয়ে সাধারণ মানুষের দৃষ্টিভঙ্গী ও আচরণের পরিবর্তন ঘটাতে ২০১৫ সালে বাংলাদেশ প্রথম আমন্ত্রণাত্মক সম্মেলনের আয়োজন করেছে। প্রধানমন্ত্রীর পরামর্শে ও প্রধানমন্ত্রী তনয়া সায়মা হোসেনের অনুপ্রেরণায় বাংলাদেশ ২য় আমন্ত্রণাত্মক সম্মেলন করেছে। তিন দিনব্যাপী এ সম্মেলনে দেশ বিদেশের ২ হাজার প্রতিনিধি অংশগ্রহণ করবেন বলে মন্ত্রণালয়ের পক্ষ থেকে আশা করা হচ্ছে। সভায় জানানো হয়, ইতোমধ্যে বিভিন্ন দেশে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে নিমন্ত্রণ পাঠানো হচ্ছে। মন্ত্রণালয় থেকে ইতোমধ্যে ৩৮ আমন্ত্রণাত্মক সংস্থাকে নিমন্ত্রণ পাঠানো হয়েছে।

সভায় আরও জানানো হয়, সম্মেলনের জন্য ওয়েবসাইট ও সদরদপ্তর খোলা হয়েছে। ওয়েবসাইট ঠিকানা [dkconf18.modmr.gov.bd](http://dkconf18.modmr.gov.bd)। যে কেউ এ সম্মেলনে রেজিস্ট্রেশন করে অংশগ্রহণ করতে পারবেন বলে সভায় জানানো হয়। সভায় আরও জানানো হয়, আমন্ত্রিত বিদেশী অতিথিদের জন্য আগমন উত্তর ভিসা, আবাসন, যোগাযোগ, নিরাপত্তা ইত্যাদি নিশ্চিত কাজ করা হচ্ছে। সম্মেলনের সকল কার্যাবলী ডকুমেন্টেশন করার জন্য আলাদা কমিটি কাজ করছে। বিশেষত সম্মেলনে প্রতিবন্ধি অংশগ্রহণকারীদের নিরাপত্তা, আবাসন, চিকিৎসা, যোগাযোগ ইত্যাদির উপর বিশেষভাবে যত্ন নেয়া হবে বলে সভায় জানানো হয়।

(মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান)  
সিনিয়র তথ্য অফিসার  
০১৯৪৩৪৪৬৩২৩